


**রাইয়ান প্রকাশন**

1m .

আসসালামু আলাইকুম ওয়া রহমাতুল্লাহি ওয়বারকাতুহু। প্রিয় পাঠক! জি, আপনি ঠিকই ধরেছেন। স্মার্টফোনের আদলে এটি আসলে একটি বই। যে বইতে রয়েছে এমন কিছু ছোটো ছোটো মেসেজ, যা আপনাকে জীবন চলার পথে দু-দণ্ড নিজেকে নিয়ে ভাবার ফুরসত জোগাবে। চিন্তা ও দর্শনের মধ্য দিয়ে আপনাকে পৌঁছে দেবে এমন এক নতুন চিন্তার জগতে—যেখানে আপনি নিজেকে আবিষ্কার করবেন প্রকৃত এক ‘আমিতে’। এমনটাই আমাদের প্রত্যাশা। রব্বুল ইজ্জত যেন আমাদের এই ক্ষুদ্র প্রচেষ্টাকে কবুল করেন। আমীন।

**Mahin Mahmud**

1h .

## কোমল হৃদয়

প্রতিটা শক্ত হৃদয়ের পাশেই অবস্থান করে একটা কোমল হৃদয়ও। খুব কম মানুষই সেই হৃদয়টা দেখতে পায়।

Like Comment Send Share

**Mahin Mahmud**

5m .

## স্বার্থপর

স্বার্থ ফুরালে যারা আপনাকে ছেড়ে যায় এদেরকে ঘৃণা করার আগে একবার ভাবুন তো! এরাই কি আপনাকে মানুষ চিনতে সাহায্য করছে না!

Like Comment Send Share



**মাহমুদ বিন নূর**

2m .

তুমি হও সেই ফুলের মতো, যার সৌরভ কখনো বিলীন হবে না—না বর্ষায়, না শীতে, না বসন্তে। তুমি চিরস্থায়ী সৌরভে ভরা এক ফুল, যার অস্তিত্ব আমরণ আমাকে বিমোহিত করে রাখবে।

Like Comment Send Share



**মাহমুদ বিন নূর**

7h .

যে চোখে মায়ার কোমলতা দেখেছো,
সেই চোখের বিষাক্ত ক্রোধ তুমি দেখোনি।

যে চোখে ক্রোধের অগ্নি জ্বলতে দেখেছো,
সেই চোখে মায়ার স্নিগ্ধতা তুমি দেখোনি।

Like Comment Send Share

**Adib Saleh Ahmad**

1h .

ধর্ম নৈতিকতার চাদর। ধর্মকে একপাশে ফেলে নৈতিক হওয়া সম্ভব না।

Like Comment Send Share

**Adib Saleh Ahmad**

6h .

আমিও ভালোবাসা পাবো, থাকব না অনাদরে। পেছনে সারি সারি লোক, কেউ রেখেছে কাঁধ জুড়ে ভালোবাসার পরশে আগলে।

Like Comment Send Share



**এনামুল হক ইবনে ইউসুফ**

6d .

**অন্ধকার**

কী দেখছ?

—অন্ধকার!

—কোথায়?

—হৃদয়ের ভেতর, যেখানে হিদায়াতের দ্যুতি ছড়াবার কথা ছিল!

Like Comment Send Share



**আব্দুল্লাহ আল মামুন** ...

11h .

# সম্পর্কের বহুবচন

স্বামী-স্ত্রীর সম্পর্ক কেমন জানো?
স্বামী-স্ত্রীর সম্পর্ক হলো শক্তিশালী রাবারের মতো। দুজন, দু'প্রান্ত থেকে টানলে তা বাড়তে থাকে। একজন ছেড়ে দিলে অপরজন প্রচণ্ড কষ্ট অনুভব করে।

Like Comment Send Share



**আব্দুল্লাহ আল মামুন**

1h .

...

**জানুক তবে সেও, ছিলো কতটা প্রয়োজন**

কেবল পানিই জানে,
ভালোবাসা কত তীব্র, মমতা কত প্রগাঢ়! কিংবা
ভালোবাসা, মমতা জানে, জীবনে পানির কী প্রয়োজন।
কান্না কী অপরিহার্য!

Like Comment Send Share

Injamamul Haq Sajid

4h .

## অবধারিত

মালাকুল মাউত নিশ্চিত আসবে বলেই কি আমরা তার জন্য অপেক্ষা করি না?

Like Comment Send Share

Injamamul Haq Sajid

9h .

## সরল অংক

সময় থাকতে নিজেকে শুধরে নিন, নয়তো সময় আপনাকে শুধরে দেবে।

Like Comment Send Share



**Jobayer Ahmed** ...

3d .

# স্ট্রাগল

অনেক মানুষের স্ট্রাগলের গল্প শুনবেন—সে খুব ভোরে রওনা হয়েছে তার স্বপ্ন পূরণের উদ্দেশ্যে। কিন্তু ভোরে রওনা হয়েও পড়েনি ফজরের নামাজ। দিনের প্রথম ভাগের সাফল্য ছাড়াই সে সফলতা খুঁজে। যদি তার স্ট্রাগল দ্বীন ঠিক রেখে হতো, তবে সে দ্বীন এবং দুনিয়া উভয়ই পেতো।

Like Comment Send Share



**Jobayer Ahmed** ...

2d .

# সুন্দর জীবন

মানুষের জীবনটা সুন্দর কিন্তু সহজ না। জীবনে নানান প্রতিকূলতা আছে, থাকবেই। তবে তা যদি ধৈর্য আর রবের সন্তুষ্টির মাধ্যমে এগিয়ে যাওয়া যায় তবে তা সুন্দর হয়। যে সুন্দর হৃদয়ে প্রশান্তি বয়ে আনে।

Like Comment Send Share



**Jobayer Ahmed** ...

5d .

# মৃত্যু

যদি তুমি সময়কে আটকে রাখতে পার, তবে যা ইচ্ছে তাই করতে পারবে। আর যদি সেটা সম্ভব না হয় তবে মনে রাখবে, এ সময়-ই মৃত্যুকে তোমার কাছে নিয়ে আসবে। সুতরাং হয় সময়কে আটকাও না হয় নিজেকে। মৃত্যু কিন্তু ধেয়ে আসছে...

Like Comment Send Share